

হায় হায় হায় দিন চলি যায় ।

চা-স্পৃহ চঞ্চল চাতকদল চল' চল' চল' হে ।

টগ'বগ'-উচ্ছল কাথলিতল-জল কল'কল'হে ।

এল চীনগগন হতে পূর্বপবনশ্রোতে শ্যামলরসধরপুঞ্জ ।

শ্রাবণবাসরে রস ঝর'ঝর' ঝরে, ভুঞ্জ হে ভুঞ্জ দলবল হে ॥

এস' পুঁথিপরিচারক তদ্বিতকারক তারক তুমি কাণ্ডারী ।

এস' গণিতধুরন্ধর কাব্যপুরন্দর ভূবিবরণভাণ্ডারী ।

এস' বিশ্বভারনত শুঙ্করুটিনপথ- মরু-পরিচারণক্লান্ত ।

এস' হিসাবপত্তরত্রস্ত তহবিল-মিল-ভুল-গ্রস্ত লোচনপ্রান্ত- ছল'ছল' হে ॥

এস' গীতিবীথিচর তম্বুরকরধর তানতালতলমগ্ন ।

এস' চিত্রী চট'পট' ফেলি তুলিক-পট রেখাবর্ণবিলগ্ন ।

এস' কনস্টিটুশন- নিয়মবিভূষণ তর্কে অপরিশ্রান্ত ।

এস' কমিটিপলাতক বিধানঘাতক এস' দিগভ্রান্ত টল'মল' হে ॥

Parjaay: Bichitro, Taal: Kaharwa, Raag: Bhimpalasi

Visit www.geetabitan.com for notation and other detail